৮৪

দৈনিক বাংলা

তারিখ ... 30 JUN 1995
পৃষ্ঠা ১ কলাম ৪

# প্রাথমিক শিক্ষকরা গৃহ নির্মাণে অগ্রিম পাবেন

শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমিরউদ্দিন সরকার বলেন, সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের অন্যান্য সরকারী কর্মচারীদের মত গৃহ নির্মাণ অগ্রিম প্রদান করা হবে।

তিনি বৃহস্পতিবার শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে জাতীয় শিক্ষক সমিতি ফেডারেশনের একটি প্রতিনিধিদলের সঙ্গে এক বৈঠকে একথা বলেন। খবর তথ্য বিবরণীর।

এছাড়াও মন্ত্রী বলেন, বেসরকারী

(৫-এর পৃঃ দ্রঃ)

## প্রাথমিক শিক্ষকরা গৃহ

(প্রথম পৃষ্ঠার পর)

স্কুল-কলেজের শিক্ষক-কর্মচারীদের প্রাপ্ত বেতন স্কেলের ১০০ ভাগ বেতন-ভাতাদি প্রাপ্তির ব্যবস্থা গ্রহণ এবং শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারী অংশ প্রতি মাসে নিজ নিজ ব্যাংক একাউন্টে সরাসরি পৌঁছানোর প্রথা চালু করা হবে।

ফেডারেশনের সভাপতি অধ্যক্ষ মাহমুদ মোকাররম হোসেন, সহ-সভাপতি অধ্যক্ষ এম মোজাফফর হোসেন এবং মহাসচিব নজরুল ইসলাম শিক্ষক প্রতিনিধিদলের নেতৃত্ব দেন। শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মোঃ শহীদুল আলম এ সময় উপস্থিত ছিলেন।